

# যুগান্তর

প্রিন্ট: ১৪ জুন ২০২৬, ০২:০৫ পিএম

শিক্ষাঙ্গন

সরিয়ে দেওয়া হলো এমাজউদ্দীন কন্যা বাউবি  
প্রো-ভিসি ড. দিল রওশন আরাকে

Advertisement



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১২ জুন ২০২৬, ০১:৫৭ পিএম



ছবি: সংগৃহীত।



পরবর্তী খেলা



জার্মানি

গ্রুপ ই

-

রাত ১১টা

কুরাসাও



এনআরজি স্টেডিয়াম, হিউস্টন, যুক্তরাষ্ট্র

পরবর্তী খেলাসমূহ

সোমবার ১৫ জুন ২০২৬



নেদার...

-

[গ্রুপ এফ] রাত ২টা

জাপান



এটিঅ্যাভিটি স্টেডিয়াম, ডালাস, যুক্তরাষ্ট্র

সোমবার ১৫ জুন ২০২৬



আইভরি...

-

[গ্রুপ ই] ভোর ৫টা

ইকুয়েডর



লিংকন ফিন্যান্সিয়াল ফিল্ড, ফিলাডেলফিয়া, যুক্তরাষ্ট্র

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি পদ থেকে সরিয়ে দেওয়া হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সাবেক ভিসি অধ্যাপক ড. এমাজউদ্দীন আহমদের মেয়ে অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীনকে। তার জায়গায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের (আইইআর) অধ্যাপক ড. মো. সিরাজুল ইসলামকে নিয়োগ দেওয়া হয়েছে।

ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীনও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক। তিনি রাষ্ট্রবিজ্ঞান বিভাগে অধ্যাপনায় নিয়োজিত ছিলেন।

### পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি ছবিরুল ইসলাম

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে তার প্রো-ভিসি পদ থেকে সরিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগে যোগদানের অনুমতি দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (১১ জুন) শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। আরেক প্রজ্ঞাপনে ড. মো. সিরাজুল ইসলামকে ৪ বছরের জন্য উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে প্রো-ভিসি পদে নিয়োগ দেওয়া হয়েছে।

### পাঠ্যবইয়ে যুক্ত হচ্ছে ওসমান হাদির বীরত্বগাথা

এর আগে ২০২৪ সালের ১০ অক্টোবর ৪ বছরের জন্য উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে প্রো-ভিসি পদে নিয়োগ দেওয়া হয়েছিল ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীনকে। তবে তিনি তার মেয়াদ শেষ করে যেতে পারেনি।

২০২০ সালের ১৭ জুলাই ড. এমাজউদ্দীন আহমদ মারা যান। ১৯৯২ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি হিসেবে দায়িত্ব পালন করেন এমাজউদ্দীন আহমদ।

### গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের (গাকৃবি) নতুন প্রো-ভিসি ড. জাহিদুর রহমান

এমাজউদ্দীন আহমদ বিএনপির অত্যন্ত ঘনিষ্ঠ ছিলেন এবং দলটির নীতি-নির্ধারণে তার গুরুত্বপূর্ণ প্রভাব ছিল বলে ধারণা করা হতো।

রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপক এমাজউদ্দীন আহমদ জড়িত ছিলেন অনেক গবেষণাধর্মী কাজে। রাষ্ট্রবিজ্ঞান সম্পর্কিত তার অনেক বই বিভিন্ন পর্যায়ে বাংলাদেশের পাঠ্যসূচিতেও অন্তর্ভুক্ত হয়েছে।